গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং- ০৫.৫৫.২৭৪৩.০০০.৩৭.০০২.২৩-২৭০

তারিখঃ-২০/০২/২০২৩ খ্রিস্টাব্দ।

১৪৩০ বাংলা সনের জন্য নুনদহ খেয়া-ঘাট ইজারা বিজ্ঞপ্তি।

এতদ্বারা ঘোড়াঘাট উপজেলাধীন ৩ নং সিংড়া ইউনিয়ন পরিষদের নুনদহ খেয়াঘাট/ফেরীঘাট বাংলা ১৪৩০ সনের ১ লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ বছর মেয়াদি ইজারা প্রদান লক্ষ্যে আগ্রহী জন্মগতসুত্রে পাটনী/মাল্লাগন নিকট হতে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে (স্থানীয় সরকার বিভাগ স্মারক নং- প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) তারিখ ১৯ এপ্রিল ২০১৩ এর ইজারা পদ্ধতি "ক" ২(২) অনুচ্ছেদ অনুযায়ী) দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচী অনুযায়ী নির্দ্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, দিনাজপুর, সহকারী কমিশনার (ভূমি), ঘোড়াঘাট, দিনাজপুর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত ক্রয় করা যাবে এবং জেলা প্রশাসক, দিনাজপুর ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বিকাল ৪.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ক্যালেন্ডারে বর্ণিত যে তারিখে দরপত্র দাখিলের জন্য সিডিউল ক্রয় করা হবে পরবর্তী তারিখের জন্য ঐ সিডিউল ব্যবহার করা যাবে না।

নূনদহ খেয়াঘাটের ইজারা তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	খেয়াঘাটের নাম	ইজারার কাঙ্খিতমূল্য (সরকারি মূল্য)	সিডিউলের মূল্য	মন্তব্য
১।	সিংড়া	নূনদহ খেয়াঘাট	=৪,২০,১৫০/-	=১,৬০০/-	

দরপত্র দাখিলের সময়সূচী (ক্যালেন্ডার)

বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্র বাক্স খোলার সময়	মন্তব্য
১ম বার	১৪/০৩/২০২৩	১৫/০৩/২০২৩	বেলা ১.৩০ ঘটিকা পর্যন্ত	বেলা ৪.৩০ ঘটিকায়	শুধুমাত্র জন্মগতসুত্রে পাটনী/মাল্লাগন ইজারা ডাকে অংশ নিতে পারবেন।
২য় বার	২১/০৩/২০২৩	২২/০৩/২০২৩	ঐ	ঐ	সর্বসাধারণ অংশ নিতে পারবেন।
৩য় বার	২৮/০৩/২০২৩	২৯/০৩/২০২৩	ঐ	ঐ	ঐ
৪র্থ বার	০৫/০৪/২০২৩	০৬/০৪/২০২৩	ঐ	ঐ	ঐ
৫ম বার	১২/০৪/২০২৩	১৩/০৪/২০২৩	ঐ	ঐ	ঐ

শর্তাবলীঃ-

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য খেয়া ঘাট ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্‌ট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় ইজারা দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত খেয়া-ঘাট নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে দরপত্র গৃহীত হবার পর অফার লেটার প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্র উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় খেয়া-ঘাটের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট খেয়া-ঘাটের কাঙ্খিত মূল্য (ধর্তব্য সরকারী মূল্য) হইতে কম হয় তাহা হইলে উপরে বর্ণিত ক্যালেন্ডার অনুয়ায়ী ২য় বার দরপত্র গ্রহণ করা হবে। ২য় বার কাঙ্খিত মূল্য পাওয়া না গেলে ৩য় বার, এইভাবে ৫ম বার পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। এইভাবে কাঙ্খিত মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা প্রদানের কার্যক্রম অব্যাহত থাকিবে।

৫। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও খেয়া ঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৬। ইজারাদার কোনক্রমেই খেয়া-ঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

৭। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

৮। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯। ইজারাদার নিজ খরচে একটি পরির্দশন রেজিষ্ট্রার সংরক্ষণ করিবেন।

১০। কোন প্রকার ঘসা-মাজা, কাটাকাটি, লেখার উপর দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১১। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক খেয়া-ঘাট ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদার কে প্রদান করা হইবে।

১২। খেয়া-ঘাট ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২০/০২/২৩

(মোঃ রাফিউল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর।
ফোন/ফ্যাক্সঃ-০৫৩২৮-৫৬০০১/৫৬১৮৩
unoghoraghat@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৪৩.০০০.৩৭.০০২.২৩-২৭০ তারিখঃ- ২০/০২/২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/ বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ-

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর।
৪। সিভিল সার্জন, দিনাজপুর।
৫। পুলিশ সুপার, দিনাজপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, দিনাজপুর।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও উন্নয়ন), দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘোড়াঘাট, দিনাজপুর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার --- (সকল), দিনাজপুর।
১০। মেয়র ....পৌরসভা, দিনাজপুর।
১১। ভাইস/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘোড়াঘাট, দিনাজপুর।
১২। সহকারী কমিশনার (ভূমি), ঘোড়াঘাট, দিনাজপুর।
১৩। উপজেলা -- কর্মকর্তা, ঘোড়াঘাট, দিনাজপুর।
১৪। সাব-রেজিষ্ট্রার, ঘোড়াঘাট, দিনাজপুর।
১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঘোড়াঘাট থানা, ঘোড়ঘাট, দিনাজপুর।
১৬। চেয়ারম্যান, ---------------------------------(সকল), ইউ পি, ঘোড়াঘাট, দিনাজপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর এলাকার হাট-বাজার সমুহে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭। ম্যানেজার, সোনালী ব্যাংক, ওসমানপুর শাখা, দিনাজপুর।
১৮। সম্পাদক,... তাকে জরুরী ভিত্তিতে স্বল্প পরিসরে (৩"×৬") বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৯। ইউনিয়ন সহকারী ভূমি কর্মকর্তা, ------------------------------------- ইউনিয়ন ভূমি অফিস ,ঘোড়াঘাট, দিনাজপুর। তাকে তার এলাকার হাট বাজার সমূহে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২০। ইজারাদার ---ঘোড়াঘাট, দিনাজপুর।
২১। জনাব---, ঘোড়াঘাট, দিনাজপুর।
২২। অফিস কপি।

২০/০২/২৩

(মোঃ রাফিউল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর।